



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com



তারিখ: ০৬/০৭/২০২০খ্রিঃ।

“হাসপাতাল রোডের ট বাজার রোডের নির্মাণকাজের উদ্বোধনকালে মেয়র জিপু চৌধুরী সঠিক মানে কাজ বুঝে নেওয়ার দায়িত্ব আপনাদেরও”

চুয়াডাঙ্গায় রাস্তার নির্মাণকাজের উদ্বোধন করা হয়েছে। ইং ০৬/০৭/২০২০ সোমবার দুপুর ২টায় পৌর এলাকার হাসপাতাল রোডের ট বাজারে ইছাহাক আলীর হোটেল হতে ইসলামি হাসপাতালের সামনে দিয়ে পৌর ঈদগাহ রোড পর্যন্ত সড়কটিতে এ কাজের উদ্বোধন করেন পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু। গুরুত্বপূর্ণ নগর উন্নয়ন অবকাঠামো প্রকল্প-২ এর অর্থায়নে চুয়াডাঙ্গা পৌরসভার আওতায় এ নির্মাণ কাজ হচ্ছে। নির্মাণ কাজের উদ্বোধন কালে মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু বলেন, রাস্তাটিতে দীর্ঘদিনের সমস্যা ছিলো। এখন গুরুত্বপূর্ণ নগর উন্নয়ন অবকাঠামোর অর্থায়নে এ কাজ হবে। পৌর কতৃপক্ষ সঠিক মানে কাজ অবশ্যই দেখে নিবে। প্রকৌশলীরা যেমন যাচাই বাচাই করে কাজের মান ভালো করে দেখে নেবে। ঠিক তেমনি কাজটি বুঝে নেওয়ার দায়িত্ব আপনাদেরও। কারণ ভালো মন্দের ফল আপনারাই ভোগ করবেন। এই রাস্তাতে এর আগে ড্রেনের কাজ হয়েছে, তখন এলাকার স্থানীয় বাসিন্দা হিসেবে আপনারা অনেক সহযোগীতা করেছেন। নিজেদের কাজ নিজেরা ঠিকাদারের কাছ থেকে বুঝে নিয়েছেন। যার ফল আপনারা পাচ্ছেন। এই ড্রেনটি আপনারদের হাটুপানি জমে থাকা থেকে বাচাচ্ছে। আশা করি, এই রাস্তাটির কাজও আপনারা বুঝে নিবেন। ইট ফেলা থেকে শুরু করে ঢালাই দেওয়া পর্যন্ত প্রত্যেকটা ধাপের কাজ দেখে-শুনে বুঝে নিবেন। এতে উন্নত সেবা পাবেন আপনারা। কাজে ফ্রুটি পেলে গোপনে জানাবেন। আমি ব্যবস্থা নিবো।

পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু আরও বলেন, আপনারা সচেতন নাগরিক। আপনাদের দায়িত্ব পৌরসভার বাসিন্দা হিসেবে পৌর কতৃপক্ষকে সহযোগীতা করা। পৌরসভা আপনাদের, তাই পৌরসভার কাজগুলো বুঝে নেওয়ার দায়িত্বও আপনাদের।

এ সময় তিনি উপস্থিত সকলকে করোনা ভাইরাসের সংক্রমণ রোধে স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দিয়ে আরও বলেন, করোনা ভাইরাসের কারণে আতঙ্কিত হওয়া যাবে না। স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। মাস্ক এবং হ্যান্ড গ্লাভস পরতে হবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার দেওয়া নির্দেশনা মেনে চলতে হবে। এ সময় আরো উপস্থিত ছিলেন, পৌরসভার সহকারি প্রকৌশলী হাফিজুর রহমান কাওসার, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. জানিফ, ঠিকাদার মুক্তার হোসেন বিশ্বাস, স্থানীয় বাসিন্দা আব্দুর রশিদ, মঈদুল ইসলাম, রবিউল ইসলাম প্রমুখ।



সময়মত পৌরকর এবং পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকা দিন। আপনার শহর পরিষ্কার রাখুন